স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রতিষ্ঠানিকীকরণ প্রকল্প
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রতিষ্ঠানিকীকরণ - উপজেলা কর্মশালা প্রতিবেদন (সাদুল্লাপুর উপজেলা)

সভাপতি	: নবী নেওয়াজ, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাদুল্লাপুর উপজেলা, গাইবান্ধা।
তারিখ	: ১৭ জুন, ২০২১ খ্রিঃ
সময়	: সকাল ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।
স্থান	: উপজেলা পরিষদ হল রুম, সাদুল্লাপুর উপজেলা, গাইবান্ধা।
উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠান	: হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশ।

সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা পরিশিষ্ট ‘ক’

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার ৭ম অধ্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ এবং পল্লী উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে এবং অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার ৭ম অধ্যায়ে স্থানীয় পর্যায়ে সুশাসন নিশ্চিতকরণ এবং উন্নত সেবা সরবরাহের উপর গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ, কার্যকর ও বাস্তবসম্মত করার প্রয়াসে সময়ে সময়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হলেও মেয়াদান্তে ঐ সকল প্রকল্পের ভালো শিখনসমূহ হারিয়ে যায়। একমাত্র পারস্পরিক শিখন (এইচএলপি) এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো “নন্দিত অনুসন্ধান” এর মাধ্যমে উপযুক্ততা অনুযায়ী নিজস্ব বাজেটে অন্তর্ভুক্ত করে নিজ নিজ এলাকায় স্ব-উদ্যোগে বাস্তবায়ন করতে সচেষ্ট হয়। বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প একটি ফলাফল ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম, যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে এবং সুইস এজেন্সি ফর ডেভলপমেন্ট এন্ড কোঅপারেশন (এসডিসি) এর আর্থিক সহায়তায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। বিগত দিনে বাস্তবায়িত পারস্পরিক শিখন কর্মসূচীর মূল উদ্দেশ্য ছিল ‘নন্দিত অনুসন্ধানের ভিত্তিতে সমসাথী শিখন প্রক্রিয়ার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা’। এ লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা তাদের নিজ নিজ কর্ম এলাকার ভাল শিখনসমূহ চিহ্নিত করার মাধ্যমে কার্যক্রম শুরু করে। এ কার্যক্রম নির্দিষ্ট সংখ্যক ইউনিয়ন পরিষদ/পৌরসভাকে তাদের সমসাথীদের নিকট থেকে (অন্যান্য ইউনিয়ন পরিষদ/পৌরসভা) ভাল শিখন সম্পর্কে অবগত হওয়া এবং সহযোগিতার মাধ্যমে নিজ এলাকায় রূপায়ন/বাস্তবায়নের সুযোগ করে দেয়। ইউনিয়ন পরিষদ/পৌরসভাগুলো নিজেদের ভাল শিখনসমূহ সূচকসহ চিহ্নিত করে এবং জনগণের চাহিদাকে বিশ্লেষণ করতঃ উপযুক্ত ভাল শিখনগুলো পরিদর্শন করে। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা এবং অন্যান্য ইউনিয়ন পরিষদ/পৌরসভার প্রতিনিধিগণ যাচাইয়ের মাধ্যমে সর্বোত্তম ভাল শিখন হিসাবে সুপারিশ করেন। বাছাইকৃত সর্বোত্তম ভাল শিখনগুলো ইউনিয়ন পরিষদ/পৌরসভা আলোচনার মাধ্যমে বার্ষিক পরিকল্পনা এবং বাজেটে অন্তর্ভূক্ত করে এবং নিজস্ব সম্পদ ব্যবহারের মাধ্যমে রূপায়ন/বাস্তবায়ন করতে সচেষ্ট হয় যা অত্যন্ত উৎসাহব্যঞ্জক। এভাবে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট উপজেলাগুলোতে সুশাসন, পানি সরবরাহ, স্যানিটেশন, স্বাস্থ্য এবং শিক্ষা সম্পর্কিত ভাল শিখনসমূহ রেকর্ডভুক্ত হয়।

বর্তমানে এনআইএলজি’র পাশাপাশি মাঠ পর্যায়ে এইচএলপি কার্যক্রম বাস্তবায়নে উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে ক) ব্রেকিং দ্য সাইলেন্স, হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশ, গ) সুশীলন, ঘ) প্রিপ ট্রাস্ট এবং ঙ) ওয়াটারএইড বাংলাদেশ যৌথভাবে কাজ করছে। ওয়াটারএইড বাংলাদেশের সাথে আরো ১৪টি স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান যুক্ত রয়েছে। হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশ বিগত ১৭/৬/২০২১ তারিখে গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলায় কর্মশালাটি পরিচালনা করে। উপজেলা কর্মশালা পরিচালনার উদ্দেশ্য নিম্নরূপ:

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণে উপজেলা পর্যায়ে কর্মশালার উদ্দেশ্য ঃ

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণে উপজেলা পর্যায়ে কর্মশালার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

- বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী এবং প্রাতিষ্ঠানিকীকরণ প্রক্রিয়া সম্পর্কে ধারণা প্রাপ্তি;
- ইউনিয়ন পর্যায়ে প্রস্তুতকৃত ভাল শিখনগুলোর তালিকা সূচকসহ বিস্তারিতভাবে প্রকাশ করা;
- ভোটিং এর মাধ্যমে (বাস্তবায়নের সময়কাল, উপকারভোগীর সংখ্যা, অর্থের উৎস, পরিধি ও বাস্তবায়ন/রূপায়ণের ব্যপকতা বিবেচনায়) প্রতিটি উপজেলা থেকে ৫টি (পাঁচ) ভাল শিখন চূড়ান্তকরণ (বিশেষ ক্ষেত্রে একাধিক ভাল শিখনের তালিকা থেকে পিএমইউ কর্তৃক ৫টি ভাল শিখন নির্বাচন);
- নির্বাচিত ভাল শিখনগুলোর তথ্যপত্র প্রস্তুতকরণ ও প্রকাশের সময়সীমা নির্ধারণ;
- উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট জনপ্রতিনিধি/কর্মকর্তাগণের সহযোগিতায় পরবর্তী করণীয় (Action Plan) নির্ধারণ;
- উপজেলা সমন্বয় সভার কার্যপত্রে পারস্পরিক শিখন কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ এবং অগ্রগতি পর্যালোচনার বিষয়ে সিদ্ধান্ত;
- অনির্বাচিত ভাল শিখনগুলোর তালিকা (সূচকসহ) প্রস্তুতকরত: সংরক্ষণ, পিএমইউ-তে প্রেরণ এবং পরবর্তী বিশেষ নির্বাচনের জন্য প্রস্তুতি গ্রহণ;
- জেলা পর্যায়ে নেটওয়ার্ক কর্মশালার জন্য প্রস্তুতি গ্রহণ।

কর্মশালা পরিচালনা ঃ

এরই ধারাবাহিকতায় বিগত ১৭/৬/২০২১ তারিখে গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলায় ১১ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, নির্ধারিত সংখ্যক সদস্য এবং ইউনিয়ন পরিষদ সচিবসহ মোট ৩০ জন অংশগ্রহণকারীর (পুরুষ: ২৭, নারী: ৩) সমন্বয়ে পারস্পরিক শিখন কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ-উপজেলা কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব **জনাব: মোঃ শাহারিয়া খাঁন বিপ্লব, উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা**। সভাপতি হিসেবে জনাব **: নবী নেওয়াজ, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাদুল্লাপুর উপজেলা, গাইবান্ধা** উপস্থিত ছিলেন। এছাড়াও ভাল শিখন চিহ্নিতকরণ কার্যক্রমটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হেলভেটাস সুইস ইন্টার কোঅপারেশন এর প্রতিনিধি জনাব মোঃ মিলন চৌধুরী সঞ্চালনা করেন।

কর্মশালায় ব্যবহৃত উপকরণ ঃ

ফাইল, ফোল্ডার, কলম, ব্রাউনপেপার, মার্কার, মাসকিনটেপ, টিপ, ব্যানার, নেমব্যাচ, ল্যাপটপ, মাল্টিমিডিয়া, সাউন্ড সিস্টেম ইত্যাদি।

বাংলাদেশে পরস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণে-উপজেলা কর্মশালা থেকে প্রাপ্ত ফলাফল ঃ

ক্র.ন.	ইউনিয়ন পরিষদের নাম	ভাল শিখনসমূহের নাম	উদ্যোক্তা-ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম (জনপ্রতিনিধি/কর্মকর্তা/কর্মচারী/সাধারণ জনগন/ইউনিয়ন পরিষদ)	উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের নাম
১.	জামালপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ চত্তরের মধ্যে ধুমপান শতভাগ নিষিদ্ধ।	ইউনিয়ন পরিষদ	...
২.	ইদিলপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়নের অসহায় পঙ্গু মানুষদের মধ্যে দেশি হুইলচেয়ার ও ব্যবসার মালামাল ক্রয়ের মুলধন প্রদান । (ফলে হুইলচেয়ারের মাধ্যমে তারা বিভিন্ন পন্য বিক্রি করে অর্থ আয় করছে।)	ইউনিয়ন পরিষদ	...
৩.	খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়নের নিজস্ব অর্থায়নে শিশুদের মানসিক ও শারিরিক বিকাশের জন্য মিনিপার্ক স্থাপন।	ইউনিয়ন পরিষদ	...

৪.	দামোদরপুর ইউনিয়ন পরিষদ	ইউপি কার্যালয়ের সামনে বিনোদন কেন্দ্র নির্মাণ	ইউনিয়ন পরিষদ	...
৫.	ফরিদপুর ইউনিয়ন পরিষদ	ফরিদপুর ইউনিয়নের বিদ্যুৎ বিচ্ছিন্ন হতদরিদ্র সংখ্যালঘু নিম্ন আয়ের পরিবারের মাঝে সৌর বিদ্যুতে সংযোগ প্রদান	ইউনিয়ন পরিষদ	...
৬.	নলডাঙ্গা ইউনিয়ন পরিষদ	ইউনিয়নের মধ্যে ইউপির আয়-ব্যয়সহ সকল তথ্য বিভিন্ন বোর্ডের মাধ্যমে প্রচার করা।	ইউনিয়ন পরিষদ	...
৭.	নলডাঙ্গা ইউনিয়ন পরিষদ	আত্মকর্মসংস্থানে দুস্থ: নারীদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ	ইউনিয়ন পরিষদ	...
৮.	রসুলপুর ইউনিয়ন পরিষদ	পরিবেশ বান্ধব বন্ধুচুলা স্থাপন	ইউনিয়ন পরিষদ	...
৯.	ধাপেরহাট ইউনিয়ন পরিষদ	ইউনিয়নের বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে কিশোরীদের ঋতুকালিন সময়ে ব্যবহারের জন্য স্যানিটারী ন্যাপকিন ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ ও সচেতনতা বৃদ্ধি সভার আয়োজন। ধাপেরহাট	ইউনিয়ন পরিষদ	...

উল্লিখিত ১১ টি ইউনিয়ন পরিষদ থেকে মোট ৯ টি ভাল শিখন চিহ্নিত করা হয়েছে। পরবর্তীতে সকল নির্বাচিত অংশগ্রহণকারীগণের প্রত্যক্ষ অংশগ্রহণ এবং ১টি করে ভোটিং এর মাধ্যমে সকল ভাল শিখন থেকে মোট ০৫ টি ভাল শিখন চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে।

<u>চূড়ান্তভাবে নির্বাচিত ভাল শিখনসমূহ ঃ</u>

ক্র.ন.	চূড়ান্তভাবে নির্বাচিত ভাল শিখনসমূহ	প্রাপ্ত মোট ভোট	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নাম	উদ্যোক্তা-ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম (জনপ্রতিনিধি/কর্মকর্তা/ কর্মচারী/সাধারণ জনগন/ইউনিয়ন পরিষদ)	সম্ভব্য উপকার ভোগীর সংখ্যা
১)	ইউনিয়ন পরিষদ চত্তরের মধ্যে ধুমপান শতভাগ নিষিদ্ধ।	৩	জামালপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ	পরিষদে সেবা গ্রহিতা নাগরিকগণ
২)	ইউনিয়নের অসহায় পঙ্গু মানুষদের মধ্যে দেশি হুইলচেয়ার ও ব্যবসার মালামাল ক্রয়ের মুলধন প্রদান । (ফলে হুইলচেয়ারের মাধ্যমে তারা বিভিন্ন পন্য বিক্রি করে অর্থ আয় করছে।)	২	ইদিলপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ	৩০ জন
৩)	ইউনিয়নের নিজস্ব অর্থায়নে শিশুদের মানসিক ও শারিরিক বিকাশের জন্য মিনিপার্ক স্থাপন।	৩	খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ	প্রায় ৪০০ জন ছাত্র/ছাত্রী
৪)	ইউনিয়নের মধ্যে ইউপির আয়-ব্যয়সহ সকল তথ্য বিভিন্ন বোর্ডের মাধ্যমে প্রচার করা।	২	নলডাঙ্গা ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ	ইউনিয়নের সকল নাগরিক
৫)	ইউনিয়নের বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে কিশোরীদের ঋতুকালিন সময়ে ব্যবহারের জন্য স্যানিটারী ন্যাপকিন ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ ও সচেতনতা বৃদ্ধি সভার আয়োজন। ধাপেরহাট	১	ধাপেরহাট ইউনিয়ন পরিষদ	ইউনিয়ন পরিষদ	প্রায় ৪৫০ জন ছাত্র/ছাত্রী

কর্মপরিকল্পনা ঃ

ক্রমিক নং	কার্যক্রম	দায়িত্বে	গময়সীমা
১.	উপজেলা কর্মশালার রিপোর্ট তৈরি করা এবং পিএমইউতে প্রেরণ	হেলভেটাস প্রতিনিধি	জুন/২০২১
২.	অংশগ্রহণকারীগণের মোবাইল নং (সংযুক্ত)	হেলভেটাস প্রতিনিধি	জুন/২০২১
৩.	উপজেলা পরিষদ সমন্বয় সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	ইউএনও, অত্র উপজেলা	জুন/২০২১
৪.	ইউনিয়ন পরিষদের সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	স্ব স্ব ইউপি চেয়ারম্যান	জুন/২০২১
৫.	ভাল শিখনের উপর তথ্য পত্র (Fact Sheet) তৈরি করা	হেলভেটাস প্রতিনিধি	আগস্ট/২০২১
৬.	ভাল শিখন রূপায়নের কর্মপরিকল্পনা তৈরী (সংযুক্ত)	স্ব স্ব ইউপি চেয়ারম্যান	জুলাই-আগস্ট ২০২১
৭.	অভিজ্ঞতা বিনিময় সফরের আয়োজন	নির্বাচিত ইউপি সমুহ	আগস্ট /২০২১
৮.	বার্ষিক বাজেট বই এ ভালো শিখন রুপায়নের জন্য অর্থবরাদ্দ	স্ব স্ব ইউনিয়ন	জুন/২০২১

অংশগ্রহণকারীগণের মতামত ঃ

এইচএলপি কর্মশালায় সমাপনী বক্তব্যে সাদুল্লাপুর উপজেলা চেয়ারম্যান জনাব মো: শাহারিয়া খাঁন বিপ্লব বলেন প্রতিটি ইউনিয়নের ভাল কাজগুলোকে সুন্দরভাবে তদারকির মাধ্যমে সকলের কাছে প্রদর্শিত করতে হবে। তিনি এইচএলপি প্রকল্পের উদ্যোগকে ব্যতিক্রমি কর্মসূচী হিসেবে অভিনন্দন জানান এবং এই ধারাবহিকতা অব্যাহত রাখতে সুপারিশ করেন

উপসংহার ঃ

দিনব্যাপী এ কর্মশালার মাধ্যমে সাদুল্লাপুর উপজেলা থেকে মোট ০৫ টি ভাল শিখন চূড়ান্তকরণ করা হয়েছে। এর মধ্যে ১০ টি ইউনিয়ন পরিষদ আগামী আগস্ট মাসে তারিখ (২৭/৮/২০২১ইং) ইদিলপুর ইউনিয়নে, ”ইউনিয়নের অসহায় পঙ্গু মানুষদের মধ্যে দেশি হুইলচেয়ার ও ব্যবসার মালামাল ক্রয়ের মুলধন প্রদান (ফলে হুইলচেয়ারের মাধ্যমে তারা বিভিন্ন পণ্য বিক্রি করে অর্থ আয় করছে।)” শিরোনামের ভাল শিখনটি সরোজমিন পরিদর্শণের জন্য ভ্রমণ করবে। পরবর্তীতে নেটওয়ার্ক কর্মশালায় উল্লিখিত চূড়ান্ত ভাল শিখনসমূহের ফ্যাক্টশিট/তথ্যপত্র প্রস্তুতকরত: উপস্থাপন করা হবে।

ফটো গ্যালারী ঃ

এইচএলপি কর্মশালায় বক্তব্য রাখছেন পলাশবাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা, জনাব নবী নেওয়াজ, সাদুল্লাপুর উপজেলা।

এইচএলপি কর্মশালায় বক্তব্য রাখছেন সাদুল্লাপুর উপজেলার অন্তর্গত ইউনিয়ন পরিষদের নির্বাচিত নারী সদস্য

নিউজ লিংক:
https://banglarbijoy.com/district-news/%e0%a6%97%e0%a6%be%e0%a6%87%e0%a6%ac%e0%a6%be%e0%a6%a8%e0%a7%8d%e0%a6%a7%e0%a6%be%e0%a6%b0-%e0%a6%b8%e0%a6%be%e0%a6%a6%e0%a7%81%e0%a6%b2%e0%a7%8d%e0%a6%b2%e0%a6%be%e0%a6%aa%e0%a7%81%e0%a6%b0-%e0%a6%ac/?fbclid=IwAR1Gobe2AXrTYiK4TGquwS6izgPb0GQzNZgKcK-LBVWHPw1kHHdWdFKdqqY

ভিডিও লিংক:
https://helvetas-my.sharepoint.com/:v:/g/personal/shariar_mannan_helvetas_org/EfRmtc6_kExHpMATIv-_gjgBKGAcrGHJNnblN5r9ylWObg?e=C5x3GE